ইত্তেফাক ৩০০

তারিখ ... 18/4/78 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬ ...

# থানা প্রাইমারী ফাইনাল পরীক্ষা চালু বিষয় বিবেচনাধীন

দেশের প্রাথমিক শিক্ষার মান উন্নয়নের জন্য সরকার থানা প্রাইমারী ফাইনাল পরীক্ষা চালু করার বিষয় গভীরভাবে বিবেচনা করিতেছেন। সরকারী সূত্রের বরাত দিয়া এনা জানায়, প্রত্যেক শিক্ষাবর্ষের শেষে পঞ্চম শ্রেণীর ছাত্রদের এই ফাইনাল পরীক্ষায় অংশ গ্রহণ করিতে হইবে। থানা পরীক্ষা কর্তৃপক্ষ গোটা পরীক্ষা নিয়ন্ত্রণ করিবেন। পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রদের সার্টিফিকেট দেওয়া হইবে এবং এই সার্টিফিকেটের ভিত্তিতে তাহারা হাইস্কুলে ভর্তি হইতে পারিবে।

এই সূত্র আরও জানান: নয়া পদ্ধতি চালুর সম্ভাব্যতা পরীক্ষা করিয়া দেখার জন্য প্রাথমিক স্কুলসমূহে জরিপ চালান হইবে। ইতিমধ্যে কয়েকজন থানা শিক্ষা অফিসার গত শিক্ষাবর্ষে পরীক্ষামূলকভাবে এই পদ্ধতিতে পরীক্ষা গ্রহণ করিয়াছেন।